

## রাষ্ট্রপতির ইজরায়েল সফর(১৩-১৫ অক্টোবর ২০১৫)

ইজরায়েল রাষ্ট্রের প্রেসিডেন্ট মহামান্য মিঃ রুভেন রিভলিনের আমন্ত্রণে ভারতের রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি ১৩-১৫ অক্টোবর ২০১৫ সর্বপ্রথম রাষ্ট্রীয় সফরে ইজরায়েল যাবেন। কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী শ্রী খবরচাঁদ গেহলট সহ সংসদের সাংসদরা, শিক্ষাজগতের ও শিক্ষাপ্রতিষ্ঠানের শীর্ষস্তরের প্রতিনিধি, উচ্চপদস্থ আমলা ও সংবাদমাধ্যমের প্রতিনিধিরা সম্মানীয় রাষ্ট্রপতির সফরসঙ্গী হবেন।

এই সফরকালে সম্মানীয় রাষ্ট্রপতি প্রেসিডেন্ট রিভলিন, প্রধানমন্ত্রী মিঃ বেঞ্জামিন নেতানাহুইছ সহ ইজরায়েল সংসদ ক্রেসেটের স্পীকার মিঃ ইউলি-ওয়েল এডেলসেইনের সংগে মিলিত হবেন এবং বার্তালাপ করবেন। এই সফরে সম্মানীয় রাষ্ট্রপতি ইজরায়েল সংসদে ভাষণও দেবেন। উভয়পক্ষ সংস্কৃতি, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে কয়েকটি সমঝোতাপত্র স্বাক্ষর করবে।

১৯৯২ সালে ভারতের সংগে ইজরায়েলের কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয় এবং তারপর থেকে এই দ্বিপাক্ষিক সম্পর্ক একটি বহুমাত্রিক অংশীদারিত্বের পরিচায়ক হয়ে ওঠে। উভয়দেশ কৃষি, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি ইত্যাদি ক্ষেত্র সহ দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বহুবিষয়ে সহযোগিতায় যুক্তো রয়েছে। এই সফর উভয়দেশের মধ্যে সহযোগিতার বন্ধনকে আরো সুদৃঢ় করে তুলবে এবং পারস্পরিক বোঝাপড়াকে আরো সম্পৃকতো করে তুলবে। ইজরায়েলে বসবাসকারী ভারতীয়দের জন্য তেলআভিভের ভারতীয় দূতাবাস একটি অনুষ্ঠানের আয়োজন করছে। যেখানে সম্মানীয় রাষ্ট্রপতি উপস্থিত হয়ে শোভাবর্ধন করবেন।

নয়াদিল্লি

৬ অক্টোবর ২০১৫